

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১২.০০৮.২২-৪৬৬

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সচিবালয় ক্যাডার বহির্ভূত গেজেটেড এবং নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৪ (সংশোধিত-২০২০) অনুযায়ী এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ০৫/০৪/২০২৬ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.০০০.১০৩.১২.০০০২.২৬-২৩৫ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের নিয়-বর্ণিত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকদ্বয়-কে এ বিভাগের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ১০ম গ্রেডের ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা বেতনক্রমের বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সকল সুবিধাসহ পদোন্নতি প্রদান করা হলো।


| ক্রম | জ্যেষ্ঠতার ক্রমিক নং | নাম ও পিতার নাম | বর্তমান পদের নাম | পদোন্নতির জন্য সুপারিশকৃত পদের নাম |
|------|----------------------|--|---|------------------------------------|
| ১। | ২ | জনাব মুহাম্মদ আবুল কালাম পিতাঃ মুহাম্মদ মোজ্জার আলী | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | প্রশাসনিক কর্মকর্তা |
| ২। | ৩ | জনাব সৈয়দ সাইদুল হাসান পিতাঃ সৈয়দ হেলাল উদ্দিন | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | প্রশাসনিক কর্মকর্তা |

পদোন্নতির শর্তাবলি:

- ক) উল্লিখিত কর্মকর্তাগণকে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে নিয়োগ প্রদান করা হলো। নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিস মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবেন।
- খ) শিক্ষানবিস মেয়াদকালে কর্মকর্তাগণের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাদেরকে যে পদ থেকে পদোন্নতি প্রদান করা হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করতে পারবেন।
- গ) এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।
- ঘ) এ আদেশ সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ কোন ক্ষেত্রে তাদের চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০২। বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মাসুম বিল্লাহ)
উপসচিব (প্রশাসন-২)

অ:পু:দ্র:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০৫। যুগ্ম-সচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তাগণের অনুকূলে নতুন পদবি সফলিত সচিবালয়ে প্রবেশের স্থায়ী প্রবেশপত্র ইস্যু করার জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি সরকারী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
- ০৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, কক্ষ নং-৫০৩, হিসাব ভবন, সেগুনবাগিচা ঢাকা।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১১। যুগ্মসচিব (প্রশাসন ১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১২। উপসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। জনাব মুহাম্মদ আবুল কালাম, প্রশাসনিক কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। জনাব সৈয়দ সাইদুল হাসান, প্রশাসনিক কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৬। অফিস কপি।


(মো. সাইফুরজ্জামান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ২২৩৩৫৭৪২০
section5@lawjusticediv.gov.bd